Letter-4-& - 693 -

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং- ৬৭২ -বিচার-৩/২টি-০১/২০০১(অংশ), তারিখঃ ২৫/১১/১৩

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের অডিটরিয়ামে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা ও দায়রা জজ ও সমপর্যায়ের কর্মকর্তাগণের সাথে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মতবিনিময় এবং দিক নির্দেশনামূলক অভিভাষণ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, , বিচার বিভাগকে আরো গতিশীল এবং বিদ্যমান সমস্যাবলী চিহ্নিত করণের লক্ষ্যে আগামী ০৫/১২/২০১৩খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ৩.০০ঘটিকা হতে ৫.০০ঘটিকা পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্টের অডিটরিয়ামে সারাদেশে কর্মরত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা ও দায়রা জজ ও সমপর্যায়ের কর্মকর্তাগণের সাথে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মতবিনিময় এবং তাঁদের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক অভিভাষণ প্রদান করার অভিপ্রায় ব্যক্ত করেছেন।

২। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির উক্ত মতবিনিময় এবং দিক নির্দেশনামূলক অভিভাষণ অনুষ্ঠানে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা ও দায়রা জজ ও সমপর্যায়ের কর্মকর্তাগণ-কে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

৩। ইহা একটি সরকারী অনুষ্ঠান এবং উক্ত অনুষ্ঠানে আগত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা ও দায়রা জজ ও সমপর্যায়ের কর্মকর্তাগণ আসা ও যাওয়ার জন্য টি, এ/ডি, এ প্রাপ্ত হবেন।

৪। উল্লেখিত কর্মকর্তাগণ সরকারী গাড়ী ব্যবহারে প্রাধিকার পাবেন। যারা সরকারী গাড়ী ব্যবহার করবেন তাঁরা টি, এ প্রাপ্ত হবেন না।

২৫.১১.২০১৩
( মোহাম্মদ আমির উদ্দিন )
উপ-সচিব(প্রশাসন-১)

প্রাপক ঃ-

১। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,
২। অতিরিক্ত জেলা ও দায়রা জজ,

৩। ----------------------------------------------------

নং- /১(৭)-বিচার-৩/২টি-০১/২০০১(অংশ), তারিখঃ

**অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ**

১। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ,
৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,

( মোহাম্মদ জহিরুল কবির )
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১।